



শিক্ষা নিয়ে গড়র দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)

১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

www.banbeis.gov.bd



**বিষয়: ২০২০-২০২১ অর্থবছরের (০১ জুলাই ২০২০ থেকে ৩০ জুন ২০২১) কার্যক্রম সম্পর্কে বার্ষিক প্রতিবেদন প্রকাশের জন্য তথ্য প্রদান।**

**১। প্রশিক্ষণ:** ১২৫ টি উপজেলায় স্থাপিত উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) এবং ব্যানবেইস অবস্থিত ৫ (পাঁচ)টি ল্যাবের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের মোট ২১,৪৯৩ জন শিক্ষক বেসিক কম্পিউটার প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। গত জানুয়ারি ২০২১ মাসে টিচার্স ট্রেনিং কলেজ, এটুআই, এনসিটিবি, মাউশি ও অন্যান্য সংস্থার প্রতিনিধি সমন্বয়ে গঠিত কমিটির মাধ্যমে পূর্বে থেকে চলমান বেসিক কম্পিউটার প্রশিক্ষণের মডিউল সংশোধন/পরিমার্জন করে গুগলমিট, জুম প্ল্যাটফর্ম ব্যবহার করে পাঠদান কৌশল এবং ডিজিটাল কন্টেন্ট প্রস্তুত বিষয়ে প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়েছে। এছাড়াও ২০২০-২১ অর্থবছরে ব্যানবেইস কর্তৃক নিম্নোক্ত ইন-হাউজ প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়েছে:

ক্রমিক নং	প্রশিক্ষণের বিষয়
(১)	(২)
১.	ইউআইটিআরসিই এর কর্মরত সহকারী প্রোগ্রামারদের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বিষয়ে APAMS Software ব্যবহার সংক্রান্ত প্রশিক্ষণ
২.	ব্যানবেইস ও ইউআইটিআরসিই এর কর্মকর্তাদের জন্য নাগরিক সেবা সংক্রান্ত প্রশিক্ষণ
৩.	ব্যানবেইস এর সকল কর্মকর্তা ও ইউআইটিআরসিই এর কর্মরত সহকারী প্রোগ্রামারদের জন্য বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বিষয়ক প্রশিক্ষণ
৪.	ব্যানবেইস কর্মকর্তাদের জন্য অফিস ব্যবস্থাপনা ও Softwer Development বিষয়ক প্রশিক্ষণ
৫.	ব্যানবেইস এর ১০-১৬ গ্রেডের কর্মচারীদের জন্য অফিস ব্যবস্থাপনা ও আচরণ বিধি বিষয়ক প্রশিক্ষণ
৬.	ব্যানবেইস এর ১০-১৬ গ্রেডের কর্মচারীদের জন্য ই-নথি বিষয়ক প্রশিক্ষণ
৭.	ব্যানবেইস এর ২০ গ্রেডের কর্মচারীদের জন্য শৃঙ্খলা ও আচরণ বিধি বিষয়ক প্রশিক্ষণ
৮.	ইউআইটিআরসিই এ কর্মরত কম্পিউটার অপারেটর ও ল্যাব এ্যাসিস্টেন্টদের জন্য অফিস ব্যবস্থাপনা ও আচরণ বিধি বিষয়ক প্রশিক্ষণ

**২। গবেষণা: ব্যানবেইস কর্তৃক** 1. Explore Challenges associated with the Metadata for Global Citizenship Education and ways to address those challenges.; 2. Exploring Teaching Learning Challenges at Secondary level education in Bangladesh during COVID-19; 3. Effectiveness of Teacher's ICT Training of BANBEIS in conducting online classes at Secondary Level of Education in Bangladesh; 4. Study on “Strengthening use of BANBEIS Database by the Stakeholders; এবং 5. Exploring Needs of Technical and Vocational Education and Training for employability of Technical and Vocational Education and Training for employability of youth in adversity in the selected districts of Bangladesh শিরোনামে গবেষণা কার্যক্রম সম্পন্ন হয়েছে।

**৩। উচ্চতর গবেষণা:** শিক্ষা মন্ত্রণালয় ২০০৯ সাল থেকে দেশের শিক্ষাক্ষেত্রে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির আওতায় গবেষণা পরিচালনার জন্য গবেষকদের আর্থিক সহায়তা প্রদান করে আসছে। শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচির প্রাথমিক বাছাই

কমিটির কার্যক্রম ব্যানবেইস এ সম্পন্ন হয়ে থাকে। ব্যানবেইস এতে সাচিবিক দায়িত্ব পালন করে থাকে। Grants for Advanced Research in Education (GARE) নামক e-management software এর মাধ্যমে Online -এ গবেষণা প্রকল্পের PCN (Project Concept Note) সংগ্রহ করা হয়। ২০২০-২০২১ অর্থবছরে অনলাইন এ ৪২০টি গবেষণা প্রস্তাব পাওয়া যায়। উক্ত গবেষণা প্রস্তাবের মধ্যে ২০২০-২০২১ অর্থবছরে নতুন ৯৮টি ও পূর্ববর্তী অর্থ বছর হতে চলমান ২২৮টিসহ মোট ৩২৬টি গবেষণা প্রকল্পের বিপরীতে অর্থায়ন করা হয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে এ খাতে বরাদ্দ ছিল ২১.৮৬ কোটি টাকা। ২০০৯-২০১০ অর্থবছর থেকে ২০২০- ২০২১ অর্থবছর পর্যন্ত মোট ৪৮৪টি গবেষণা কার্যক্রম সম্পন্ন হয়েছে। এ কর্মসূচির আওতায় ২০২০- ২০২১ অর্থ বছরে ২০১৬- ২০১৭ অর্থ বছরে বাস্তবায়িত ৩৭টি গবেষণা কার্যক্রমের তথ্য ও ফলাফল সংগ্রহ করে Report on Advanced Research, Volume : 4 প্রকাশ করা হয়েছে। ২০১৭-২০১৮ অর্থবছর পর্যন্ত সমাপ্ত গবেষণা কার্যক্রমের তথ্য ও ফলাফল সংগ্রহ করে পরবর্তী প্রকাশনার পান্ডুলিপি প্রস্তুতের জন্য গবেষকগণের নিকট থেকে PCR এর মাধ্যমে গবেষণার ফলাফল সংগ্রহ করা হয়েছে।

### ৪। উন্নয়ন প্রকল্প: (ক) “Establishment of 160 Upazila ICT Training and Resource Centre for Education (UITRCE) Phase- II” (BGD-23) প্রকল্পের অগ্রগতির বিবরণ:

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) কর্তৃক বাস্তবায়নাধীন “Establishment of 160 Upazila ICT Training and Resource Centre for Education (UITRCE) Phase-II” শীর্ষক প্রকল্পটি ০৯.০১.২০১৮ তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পের মোট প্রাক্কলিত ব্যয় ৮৪.৫৪২৫৬ কোটি টাকা যার মধ্যে জিওবি ২৫.২৪৫.৪০ (২৯.৮৬%) কোটি টাকা এবং এক্সিম ব্যাংকের মাধ্যমে দক্ষিণ কোরিয়া EDCF এর ঋণ সহায়তায় প্রকল্প সাহায্য ৫৯.২৯৭১৬ (৭০.১৪%) কোটি টাকা (৭৬.০২২ মিলিয়ন ইউএস ডলার)। প্রকল্পটি ০১ জুলাই ২০১৭ থেকে ২১ এপ্রিল ২০২২ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটি দক্ষিণ কোরিয়া ইকনমিক ডেভেলপমেন্ট কো-অপারেশন ফান্ড (EDCF) এর সহজ শর্তযুক্ত ঋণ (০.০১% সুদে ১৫ বছর গ্রেস পিরিয়ডসহ ৪০ বছরে পরিশোধযোগ্য) ও বাংলাদেশ সরকারের (জিওবি) অনুদানে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পের কাজে সহায়তা এবং কার্যক্রম মনিটরিংয়ের জন্য কোরিয়ান কনসালটিং ফার্ম DB Inc এর নিয়োগ করা হয়েছে। উপজেলা পর্যায়ে নির্মিতব্য “ভবনের নক্সা” মাননীয় প্রধানমন্ত্রী সদয় অনুমোদন জ্ঞাপন করেছেন। উপজেলা পরিষদ কর্তৃক ১৬০টি উপজেলায় বরাদ্দকৃত জমি ও স্থান নির্বাচন চূড়ান্ত করার পর সরকারি প্রতিষ্ঠান হাউজ বিল্ডিং রিসার্চ ইন্সটিটিউট (HBRI) কর্তৃক স্থানিক জরিপ ও মাটি পরীক্ষার কাজ সম্পন্ন করা হয়েছে। ১৬০টি উপজেলায় আইসিটি ট্রেনিং ও রিসোর্স সেন্টার স্থাপনের নিমিত্ত চারতলা ফাউন্ডেশনসহ দোতলা ভবন নির্মাণ, আইসিটি ল্যাব ও সাইবার সেন্টার স্থাপন, দেশে-বিদেশে শিক্ষক/কর্মকর্তা প্রশিক্ষণ ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে কোরিয়ান মেইন প্রকিউরমেন্ট কোম্পানি নিয়োগের জন্য দরপত্রের সমন্বিত মূল্যায়ন প্রতিবেদন কোরিয়া এক্সিম ব্যাংক এবং সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির অনুমোদনের পর ১৯/৫/২০২১ তারিখ Notification of Award প্রদান করা হয়েছে।

### (খ) এস্টাবলিশমেন্ট অব “ইন্টিগ্রেটেড এডুকেশনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম (IEIMS) প্রকল্পের অগ্রগতির

বিবরণ: সিআরভিএস এর আলোকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ১.৬০ কোটি ছাত্র-ছাত্রীর প্রোফাইল তথ্যছক প্রনয়ণের লক্ষ্যে মুদ্রণ করে সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের মাধ্যমে শিক্ষা প্রাতিষ্ঠানে এপ্রিল ২০২১ মাসে প্রেরণ করা হয়েছে। শিক্ষার্থী কর্তৃক তথ্য ছকের হার্ডকপি পূরনের কাজ চলছে।

- শিক্ষার্থীদের UID প্রদানের লক্ষ্যে শিক্ষার্থী তথ্যছক পূরন, Data Entry ও Upload বিষয়ে ব্যানবেইসসহ মাঠপর্যায়ের ৬০০ জন কর্মকর্তার মাস্টার ট্রেনিং প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।
- শিক্ষার্থীর জন্ম সনদ যাচাই এবং UID প্রাপ্তির জন্য ওআরজি, জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃপক্ষের এর সাথে ৩০/০৯/২০২০ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে।
- ৫ম শ্রেণি সমাপ্তকারী শিক্ষার্থীদের তথ্য স্বয়ংক্রিয়ভাবে স্থানান্তরের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সাথে ১০/১২/২০২০ তারিখে সমঝোতা স্মারক স্বাক্ষর করা হয়েছে।



- শিক্ষাবোর্ড সংক্রান্ত ০৯টি সফটওয়্যার মডিউল ডেভেলপের জন্য Dynamic Solution Innovators Ltd.(DSi) এর সঙ্গে ১৫/০২/২০২১ তারিখে এবং শিক্ষামন্ত্রণালয়স্বাধীন ১৩টি সংস্থার সফটওয়্যার মডিউল ডেভেলপের জন্য Ethics Advance Technology Ltd. (EATL) এর সঙ্গে ২৮/০২/২০২১ তারিখে চুক্তি স্বাক্ষরিত হয়েছে।
- Software Vendor- BDU কর্তৃক Software Development সম্পন্ন হয়েছে, মাঠপর্যায়ে Testing এর কাজ চলছে। এনআইডি এবং জন্ম ও মৃত্যু নিবন্ধন কর্তৃক্ষের (ওআরজি) সাথে Link স্থাপিত হয়েছে।
- সমন্বিত শিক্ষা তথ্য ব্যবস্থাপনা প্রক্রিয়া প্রণয়নে Requirement Analysis করার জন্য সকল অধিদপ্তর এবং শিক্ষা বোর্ড পরিদর্শন পূর্বক বুয়েট Software and Hardware বিষয়ে Inception Report ১৮/১০/২০২০ তারিখে প্রকল্প দপ্তরে দাখিল করেছে এবং অংশীজনদের মতামতের ভিত্তিতে Inception Report চূড়ান্ত করা হয়েছে। এ ছাড়া অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত কর্মশালার মতামতের ভিত্তিতে Software and Database Deployment Plan চূড়ান্ত করা হয়েছে। কারিগরি পরামর্শক দল H/W Requirement Analysis সহ প্রায় ১০টি রিপোর্ট প্রকল্প কার্যালয়ে দাখিল করেছে।
- শিক্ষা মন্ত্রণালয়স্বাধীন সংস্থাসমূহ এবং শিক্ষাবোর্ডসমূহের হার্ডওয়্যার ক্রয়ের জন্য হার্ডওয়্যার Requirement Analysis এর কাজ সম্পন্ন করে এ সংক্রান্ত Technical Specification এর কাজ সম্পন্ন করা হয়েছে এবং ডেটাবেজ এর তালিকা প্রস্তুত করা হয়েছে।
- ০৭ ফেব্রুয়ারি ২০২১ তারিখে সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় মহোদয়ের সভাপতিত্বে প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। মাঠপর্যায়ে UID প্রদান কার্যক্রম বাদে সকল সিদ্ধান্ত বাস্তবায়ন সম্পন্ন হয়েছে।
- ০১ এপ্রিল ২০২১ তারিখে মহাপরিচালক, ব্যানবেইস মহোদয়ের সভাপতিত্বে Project Implementation Committee (PIC) এর সভা অনুষ্ঠিত হয়।
- শিক্ষার্থীদের UID প্রদানের লক্ষ্যে শিক্ষার্থী তথ্যছক পূরণ, Data Entry ও Upload বিষয়ে মাঠপর্যায়ে ৪০৮২৯ জন শিক্ষকের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।

#### ৫। মুজিব বর্ষে গৃহীত ও সম্পাদিত কার্যক্রমসমূহ:

##### (ক) বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন:

স্বাধীনতার সুবর্ণজয়ন্তী বর্ণাঢ্য ও যথাযোগ্য মর্যাদার সহিত উদযাপন এবং শিক্ষক, শিক্ষার্থীদের মধ্যে মহান স্বাধীনতার চেতনার বিকাশ ঘটানোর লক্ষ্যে মুক্তিযুদ্ধ সম্পর্কে নতুন প্রজন্মের জ্ঞানার্জনের লক্ষ্যে বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো ব্যানবেইস এর আওতাধীন উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই)-এর ১২৩টি কেন্দ্রে ‘বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্ণার’ স্থাপনের লক্ষ্যে আসবাবপত্র ও পুস্তক ক্রয় করা হয়েছে।

##### (খ) ব্যানবেইস ফটকে জাতির পিতার ম্যুরাল স্থাপন:

মুজিব বর্ষ উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ঐর ১৯৫২ হতে ১৯৭১ সাল পর্যন্ত সংগ্রামী জীবনের এর উপর দৃষ্টি নন্দন ম্যুরাল চিত্র ব্যানবেইস ভবনের ফটকে স্থাপন করা হয়েছে।

##### (গ) UITRCE সেন্টারের নামকরণ:

উপজেলা সদরে অবস্থিত উপজেলা আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টার ফর এডুকেশন (ইউআইটিআরসিই) ভবনটির নাম জাতির পিতার প্রতি শ্রদ্ধার অংশ হিসেবে ২৬/০৩/২০২০ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর সম্মতিক্রমে “বঙ্গবন্ধু শেখ মুজিব ডিজিটাল শিক্ষা ভবন” নামকরণ করা হয়। উক্ত ভবনের সম্মুখে উক্ত নামফলক স্থাপন করা হয়েছে।

##### (ঘ) ব্যানবেইসের ফটকে জাতির পিতার প্রতিকৃতি:

মুজিব বর্ষে শিক্ষা ক্ষেত্রে জাতির পিতার অবদানের প্রতি শ্রদ্ধা ও কৃতজ্ঞতার স্মারক হিসেবে ব্যানবেইসের ফটকে জাতির পিতার প্রতিকৃতি স্থাপন করা হয়েছে।

## ৬। ব্যানবেইসে স্থাপিত বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নারের জন্য গ্রন্থ সংগ্রহ :

ব্যানবেইস গ্রন্থাগারে স্থাপিত 'বঙ্গবন্ধু ও মুক্তিযুদ্ধ কর্নার' এর জন্য মুক্তিযুদ্ধ, বঙ্গবন্ধু ও বাংলাদেশের স্বাধীনতা বিষয়ক গ্রন্থ সংগ্রহ করা হয়েছে।

## ৭। বার্ষিক শিক্ষা জরিপ:

১৯৮০ সালে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জরিপের মাধ্যমে প্রথম জাতীয় শিক্ষা জরিপ শুরু করা হয়। ২০১৩ সাল হতে প্রতি বছর শিরোনামে অনলাইন জরিপের মাধ্যমে প্রাথমিকোত্তর শিক্ষা প্রতিষ্ঠান সমূহ হতে সংগ্রহ করে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হচ্ছে।

(১) Education Institution Annual Survey 2020 (online) সম্পন্ন করা এবং ডাটাবেজ হালনাগাদকরণসহ জিআইএস ম্যাপিং হালনাগাদ করা হয়েছে। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে কম্পিউটার বিভাগে ডাটাবেজের তথ্য বিশ্লেষণ ও প্রক্রিয়াকরণ করে বার্ষিক পরিসংখ্যান প্রতিবেদন প্রকাশ করা হয়েছে।

(২) ১৪৫ টি ইংরেজী মাধ্যমিক স্কুল (পোস্ট প্রাইমারী) জরিপ ২০২০ সম্পন্ন ও বার্ষিক জরিপ প্রতিবেদনে অন্তর্ভুক্ত করা হয়েছে।

(৩) মাধ্যমিকস্তরের শিক্ষায় কোভিড-১৯ সৃষ্ট ঝুঁকিসমূহ নির্ণয় এবং এসডিজি-৪ লক্ষ্যমাত্র অর্জনে ঝুঁকিসমূহ মোকাবেলায় কৌশল নির্ধারণে নমুনা জরিপ ২০২১ সম্পন্ন করা হয়েছে।

(৪) Primary School Census 2020 এর জরিপোত্তর মূল্যায়ন জরিপ PEC সম্পন্ন করে প্রতিবেদন প্রস্তুত করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে জমা দেয়া হয়েছে।

(৫) Digital World 2020 উদযাপন উপলক্ষ্যে Digitization in Education পুস্তিকা প্রকাশ করা হয়েছে।

## ৮। স্টুডেন্টস কেবিনেট নির্বাচন:

মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় অধ্যয়নরত শিক্ষার্থীদের মাঝে শৈশব থেকে গণতন্ত্রের চর্চা, অন্যের মতামতের প্রতি সহিষ্ণুতা প্রদর্শন, রাডে পড়া রোধ (Drop out), শিক্ষাকর্মসম্বলীকে শিখন শিখনো কার্যক্রমে সহায়তা এবং ক্রীড়া, সংস্কৃতি ও সহশিক্ষা কার্যক্রমে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে ২০১৫ সালের আগস্ট মাসে সারাদেশে পরীক্ষামূলকভাবে ১০৪৩টি শিক্ষা প্রতিষ্ঠানে স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়। তার ধারাবাহিকতায় ২০১৬, ২০১৭, ২০১৮, ২০১৯ সাল পর্যন্ত এ কার্যক্রম অব্যাহত থাকে ও গত ২৫ জানুয়ারি ২০২০ তারিখ সকাল ৯.০০ টা থেকে দুপুর ২.০০ টা পর্যন্ত বিরতিহীনভাবে সারাদেশে ২২,৬৪১ টি মাধ্যমিক বিদ্যালয় ও দাখিল মাদ্রাসায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন অনুষ্ঠিত হয়। কিন্তু কোভিড-১৯ অতিমারীর কারণে ২০২১ সালে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকায় স্টুডেন্টস কেবিনেট নির্বাচন করা সম্ভব হয় নেই।

## ৯। শিক্ষা প্রতিষ্ঠানের EIIN নম্বর প্রদান:

শিক্ষা মন্ত্রণালয় আধুনিক উপায়ে সহজে ও দ্রুততার সাথে দেশের শিক্ষা প্রতিষ্ঠান চিহ্নিত করার জন্য একটি সাধারণ Code ব্যবহার করে থাকে। নতুন প্রতিষ্ঠান আবেদন করার এক দিনের মধ্যে Educational Institution Identification Number (EIIN) পেয়ে থাকে। ২০২০-২১ অর্থবছরে ৬২টি শিক্ষা প্রতিষ্ঠানকে অনলাইনে Educational Institution Identification Number (EIIN) নম্বর প্রদান করা হয়েছে।

## ১০। নীতিমালা সংশোধন:

শিক্ষাখাতে উচ্চতর গবেষণা সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নীতিমালা, ২০১৬ সংশোধন করা হয়েছে। সংশোধিত নীতিমালায় Eagneening and Technology এবং Development and Public Policy শিরোনামে গবেষণা ক্ষেত্র অন্তর্ভুক্ত করা হয়েছে। এছাড়াও গবেষণা প্রস্তাব রিভিউ রেটিং সংক্রান্ত ছক প্রণয়ন ও গবেষকদের সম্মানীর হার বৃদ্ধি করা হয়েছে।

## ১১। শূণ্য পদে নিয়োগ:

ব্যানবেইস ও ইউআইটিআরসিই সমূহের ৪৭ (সাতচল্লিশ) টি শূণ্যপদ পূরণের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ছাড়পত্র গ্রহণের পর নিয়োগ বিজ্ঞপ্তি জারি করা হয়। উল্লিখিত শূণ্যপদের বিপরীতে ৫৬৩৩ টি আবেদন পাওয়া যায়। বর্তমানে কভিড-১৯ পরিস্থিতির কারণে নিয়োগ সংক্রান্ত লিখিত পরীক্ষা গ্রহণ করা সম্ভব হয় নাই। পরিস্থিতির উন্নতি হলে দ্রুত নিয়োগ পরীক্ষা গ্রহণ করা হবে।



**১২। মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ:**

ব্যানবেইসের আওতাধীন ইউআইটিআরসিই সমূহের মুক্তিযোদ্ধা কোটায় কম্পিউটার অপারেটর ১৫ (পনের) টি শূণ্য পদে নিয়োগের লক্ষ্যে ৯ (নয়) জন প্রার্থী রেকর্ডপত্র পর্যালোচনা করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কর্তৃক নিয়োগের সুপারিশ করে। তন্মধ্যে ৭ (সাত) জন যোগদান করে। অবশিষ্ট ৬ (ছয়) জন প্রার্থীর বিভিন্ন সার্টিফিকেট এর তথ্যে ত্রুটি পরিলক্ষিত হওয়ায় প্রার্থীদের নিকট থেকে ব্যাখ্যা চাওয়া হয়। প্রাপ্ত ব্যাখ্যা সন্তোষজনক না হওয়ায় পরবর্তীতে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মতামতের জন্য প্রেরণ করা হয়। তবে এ পর্যন্ত উক্ত মতামত পাওয়া যায় নাই।

**১৩। সফটওয়্যার প্রস্তুত:**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের চাহিদা অনুযায়ী বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০২০ অনুযায়ী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে এমপিও প্রদানের লক্ষ্যে এমপিও সংক্রান্ত আবেদন গ্রহণ ও বাছাই করণের লক্ষ্যে মোট ৫ (পাঁচ)টি সফটওয়্যার প্রস্তুত করা হয়েছে।

**১৪। নন এমপিও-ভুক্ত শিক্ষকদের আর্থিক প্রণোদনা সংক্রান্ত ডাটাবেজ প্রস্তুত:**

ননএমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষক-কর্মচারীদের জন্য করোনাকালীন সময়ে প্রণোদনা প্রদানের লক্ষ্যে মোট ৪৭০০০ শিক্ষক ও কর্মচারীর তথ্য IBas++ এ এন্ট্রি করা হয়েছে।